



উত্তরা ব্যাংক লিমিটেড

রেজিস্টার্ড ও হেড অফিস

৯০, মতিঝিল বাণিজ্যিক এলাকা

(বর্তমানে ৪৭, বীর উত্তম শহীদ আশফাকুস সামাদ সড়ক), ঢাকা-১০০০

ত্রিশতম বার্ষিক সাধারণ সভার নোটিশ

এই মর্মে নোটিশ দেয়া যাচ্ছে যে, উত্তরা ব্যাংক লিমিটেড-এর ত্রিশতম বার্ষিক সাধারণ সভা আগামী ১৬ জুন, ২০১৩ রোজ রবিবার সকাল ১০:৩০ টায় “রাঙ্গামাটি ওয়াটার ফ্রন্ট”, সিনাবহো বাজার, শফিপুর, গাজীপুর-এ অনুষ্ঠিত হবে এবং নিম্নে বর্ণিত কাজসমূহ সম্পন্ন করা হবে :

- ১। ২০১২ সালের ১৪ই মে, সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত ঊনত্রিশতম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।
- ২। ২০১২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের চূড়ান্ত হিসাব এবং লাভক্ষতি হিসাবসহ পরিচালকমন্ডলী এবং নিরীক্ষকদের রিপোর্ট বিবেচনা ও গ্রহণ।
- ৩। ২০১২ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ (Stock & Cash Dividend) ঘোষণা।
- ৪। পরিচালকের শূন্য পদে নতুন পরিচালক নির্বাচন।
- ৫। স্বতন্ত্র পরিচালক নিয়োগের অনুমোদন।
- ৬। ২০১৩ সালের জন্য (পরবর্তী বার্ষিক সাধারণ সভার সমাপ্তি পর্যন্ত) নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।
- ৭। সভাপতির অনুমতি সাপেক্ষে ন্যূনতম ৭ দিনের আগাম নোটিশে উল্লেখিত অন্যান্য জরুরী বিষয়সমূহ।

ব্যাংকের সম্মানিত সকল শেয়ারহোল্ডারকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সর্বিনয় অনুরোধ জানানো যাচ্ছে।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

তারিখ : ঢাকা
২৬ মে, ২০১৩

মোঃ ফজলুর রহমান
ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর ও সচিব

বিঃ দ্রঃ

- ক) ৩০তম (ত্রিশতম) বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদে ৪(চার) টি শূন্য পদের জন্য ৪ (চার) জন পরিচালকের নির্বাচন অনুষ্ঠিত হবে।
- খ) রেকর্ড ডেট (Record Date) : ১৩-০৫-২০১৩।
- গ) রেকর্ড ডেট (Record Date) - এ কোম্পানীর শেয়ার রেজিস্টার - এ অথবা ডিপোজিটরী (CDBL) রেজিস্টার - এ যে সকল সদস্যের (শেয়ারহোল্ডার) নাম রেকর্ডভুক্ত থাকবে কেবল তাঁরাই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়া, ভোট প্রদান করা এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।
- ঘ) পরিচালকের শূন্যপদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র ব্যাংকের রেজিস্টার্ড অফিসে জমা দেয়ার শেষ তারিখ ৩০-০৫-২০১৩ সকাল ১১:০০ টা পর্যন্ত এবং মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২ জুন, ২০১৩ সকাল ১১:০০ টা পর্যন্ত। মনোনয়নপত্রসমূহের বাছাই কাজ ৩ জুন, ২০১৩ সকাল ১১:০০ টার মধ্যে শেষ করা হবে।
- ঙ) মনোনয়নপত্রসমূহ বাছাই-এর পর যোগ্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা ৪ জুন, ২০১৩ তারিখে ব্যাংকের রেজিস্টার্ড অফিসে নোটিশ বোর্ডে টানানো হবে।
- চ) নির্বাচন বিধি ব্যাংকের রেজিস্টার্ড অফিস থেকে অনুরোধে সরবরাহ করা হবে।
- ছ) যথাযথ স্ট্যাম্পকৃত প্রক্সি ফর্মসমূহ অবশ্যই সভার কমপক্ষে ৪৮ ঘন্টা আগে অর্থাৎ ১৪ জুন, ২০১৩ সকাল ১০:৩০ টার মধ্যে ব্যাংকের রেজিস্টার্ড অফিসে জমা দিতে হবে।
- জ) শেয়ারহোল্ডারদের হাজিরা খাতা সভার দিন সকাল ১১:০০ টা পর্যন্ত খোলা থাকবে।